



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

সরকারি কেশব চন্দ্র কলেজ, বিনাইদহ।

কলেজ কোড (শিক্ষা বোর্ড)-6752, কলেজ কোড (জাতীয় বিশ্ববিদ্যালয়)- 0601, কলেজ কোড (মাউশি)- 0216, EITN-116552

স্থাপিত : ১৯৮০, সরকারি কক্ষ : ১৯৮০, টেলিফোন : ০২৪৭৭৪৪১১, ফ্যাক্স : ০২৪৭৭৪৪০৪৪, ই-মেইল : [govtk.c.collegejhenidah@gmail.com](mailto:govtk.c.collegejhenidah@gmail.com), ওয়েব সাইট : [www.kccollege.edu.bd](http://www.kccollege.edu.bd)

স্মারক নং-স.কে.চ.ক.বি/২০২৪/


তারিখ:

## বিজ্ঞপ্তি

সরকারি কেশব চন্দ্র কলেজ, বিনাইদহে অধ্যয়নরত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স শ্রেণির (বোর্ড বৃত্তি) মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে ২০২৪ সালের এসএসসি এবং ২০২৩ সালের এইচএসসি পাশের ভিত্তিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর বৃত্তির টাকা অনলাইনে সরাসরি শিক্ষার্থীর ব্যাংক হিসাবে জমা হবে। এ জন্য বাংলাদেশ ব্যাংক এর নিয়ন্ত্রণাধীন অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন তপসীলভুক্ত ব্যাংকে হিসাব খুলতে হবে। উল্লেখ্য, ১৮ বছরের কম বয়সের শিক্ষার্থীদের তাদের পিতা/মাতা/আইনসঙ্গত অভিভাবকের যৌথ নামে হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে এবং হিসাব নম্বর ১৩ থেকে ১৭ সংখ্যার ভিতরে হতে হবে। কলেজ অফিস থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে তা যথাযথ ভাবে পূরণ করে হিসাব নম্বর ও নিম্নবর্ণিত কাগজপত্র আগামী ০৫/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য বলা হলো।

প্রয়োজনীয় কাগজপত্র:

১. যে স্কুল/কলেজ থেকে বৃত্তি পেয়েছে সে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষের প্রত্যয়নপত্রসহ বৃত্তির গেজেটের ফটোকপি।
২. শিক্ষার্থীর জন্মনিবন্ধন কার্ডের ফটোকপি।
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৪. কলেজে ভর্তির কপি।

  
অধ্যক্ষ

সরকারি কেশব চন্দ্র কলেজ  
বিনাইদহ।

অধ্যক্ষ  
সরকারি কেশব চন্দ্র কলেজ  
বিনাইদহ।

  
২০/০৬/২৪